

ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী  
**উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করতে হবে**

ঢাকা, ২৮ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্ববিদ্যালয়গুলোতে সৃষ্ট জ্ঞান জাতির মৌলিক ও বিশেষ সমস্যাগুলোর সমাধান দিতে পারে। এ জন্য বিশ্ববিদ্যালয়গুলোর সে ধরনের পরিকল্পনা থাকতে হবে। বিষয় বাছাই, শিক্ষাক্রম উন্নয়ন, শিক্ষাদানের পদ্ধতি অব্যাহতভাবে উন্নত ও যুগোপযোগী করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোতে জ্ঞানচর্চা ও গবেষণা বাড়াতে হবে। নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে। বাংলাদেশে উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিতকরণে ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে সরকার গুরুত্ব দিয়ে এই খাত তদারকি করছে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর বসুন্ধরায় ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের ১৯তম সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় একথা বলেন। সমাবর্তন বক্তা ছিলেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।

সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান রাশেদ চৌধুরী, উপাচার্য প্রফেসর এম ওমর রহমান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সংস্কৃতি উন্নয়ন ট্রাস্টের চেয়ারম্যান আব্দুল হাই সরকার এবং উপ-উপাচার্য মিলান পাগন বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সমাজের একটি বৃহৎ অংশ উচ্চশিক্ষা থেকে বঞ্চিত। কী করে তাদের মাঝে উচ্চশিক্ষার আলো ছড়িয়ে দেওয়া যায়, কী করে গড়ে তোলা যায় একটি জ্ঞানভিত্তিক সমাজ- তা নিয়ে সরকার যেমন ভাবে, তেমনি ভাবেন অনেক মহৎপ্রাণ, জনদরদী, দেশপ্রেমিক মানুষ। তিনি বলেন, বাংলাদেশে উচ্চশিক্ষাখাতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো এক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এগুলোর মাঝে ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ একটি অগ্রগণ্য বিশ্ববিদ্যালয়, যার সুনাম সমাজের বিভিন্ন স্তরে প্রবেশ করেছে।

শিক্ষামন্ত্রী আরো বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশীদিন চলতে পারবেন না। যারা নীতিমালা অনুসরণ করছেন না তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়া আর কোন পথ খোলা রাখেননি।

সমাবর্তনে এক হাজার ১১৯ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী কৃতী শিক্ষার্থীদের হাতে ক্রেস্ট ও পদক তুলে দেন।